আজকের কাগজ

তারিখ 08 SEP 1992
পৃষ্ঠা ২ কলাম ২

23

## আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

কাগজ প্রতিবেদক : আজ আন্তর্জাতিক সাক্ষরতা বিদস। বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান দিবসটি পালনের জন্যে বিভিন্ন কর্মসূচি নিয়েছে। এসব কর্মসূচির মধ্যে রয়েছে আলোচনা অনুষ্ঠান, মিছিল, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি।

এ উপলক্ষে শিক্ষামন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা বিভাগ যৌথভাবে আজ সকাল ৯টায় জাতীয় যাদুঘর মিলনায়তনে 'সবার জন্যে শিক্ষা' শীর্ষক এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করেছে। শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার এ আলোচনা অনুষ্ঠানের উদ্বোধন করবেন।

জাতিসংঘ ঘোষিত 'আন্তর্জাতিক সাক্ষরতা দিবস' উদযাপন উপলক্ষে ঢাকা আহ্‌ছানিয়া মিশন ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। এ কর্মসূচির মধ্যে রয়েছে জাতীয় যাদুঘর-এর সামনে থেকে প্রেসক্লাব পর্যন্ত র‍্যালী অনুষ্ঠিত হবে।

বিকেল ৩-০০টা থেকে সন্ধ্যা ৭-০০টা পর্যন্ত জাতিসংঘ তথ্য কেন্দ্র প্রাঙ্গণে সাক্ষরতা ও উন্নয়ন যোগাযোগ উপকরণ প্রদর্শনী ইত্যাদি।

## প্রধানমন্ত্রীর বাণী

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এক বাণীতে বলেছেন, ২০০০ সালের মধ্যে 'সবার জন্যে শিক্ষা' নিশ্চিত করার অঙ্গীকার নিয়ে সকলকে একযোগে কাজ করে যেতে হবে।

তিনি বলেন, শিক্ষা মানুষের একটি মৌলিক অধিকার। এই অধিকার বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার দেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার পাশাপাশি গণশিক্ষা কার্যক্রম চালু করেছে। সাক্ষরতা একটি বিশাল সমস্যা। এই পর্বতপ্রমাণ সমস্যার সমাধান করা সরকারের একার পক্ষে সম্ভব নয়। নিরক্ষরতার অভিশাপ থেকে দেশকে মুক্ত করার জন্যে প্রতিটি গ্রামে-গঞ্জে গণজাগরণ সৃষ্টি করতে হবে। তাই আসুন, দেশের জনগণকে সাক্ষরজ্ঞান দান করে দারিদ্র্যের অভিশাপ থেকে মুক্তির জন্যে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলে এই দিনে নতুন করে শপথ নেই।